# উপজেলা পরিষদের ফেব্রুয়ারি-২০২২ মাসের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মোখছেদুল মোমিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>সৈয়দপুর, নীলফামারী। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর। |
| তারিখ | ঃ | ১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা-১১.৩০টা। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" ক " এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" খ "তে দেখানো হয়।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এজেন্ডা ভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনাঃ-১, গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

সভায় ২৭.০১.২০২২ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

সিদ্ধান্তঃ-১, বিস্তারিত আলোচনান্তে গত ২৭.০১.২০২২ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনাঃ-২, উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদ কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্তঃ-২, বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৩, সরকারী পরিপত্র নিয়ে আলোচনাঃ-

আলোচ্য সময়ে কোন সরকারী পরিপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৩, সরকারী পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫,নীলফামারী-৪ মহোদয়ের প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন সুপারিশ পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫,নীলফামারী-৪ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনা ঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **আলোচনাঃ ৫**<br>উপজেলা প্রকৌশল দপ্তর/বার্ষিক উন্নয়ন কর্মসূচি | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় চূড়ান্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি বলেন উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৫ ঃ<br>১) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কাজ যথাসম্ভব দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হল।<br>২) বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২১-২২ অর্থ বছরের আওতায় প্রকল্প দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হল। | উপজেলা প্রকৌশলী |
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | **আলোচনাঃ ০৬** উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় উপস্থাপন করেন যে, উপজেলা নারী উন্নয়ন ফোরামের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা পরিষদ সভায় নারী উন্নয়ন তথা | সিদ্ধান্ত ৬ ঃ বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মহিলা ভাইস |

| | | | |
|---|---|---|---|
| | উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | | চেয়ারম্যান। |
| উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ দপ্তর | **আলোচনাঃ ৭.১** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, করোনাভাইরাসের টিকাদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তিনি অসুস্থ্য ব্যক্তি ছাড়া সবাইকে করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ জানান এবং সকলকে ঘনঘন হাত ধোয়া, মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব বজায় রেখে চলার জন্য অনুরোধ করেন। | সিদ্ধান্ত ৭.১ ঃ সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য মানুষদের মাঝে সচেতনতা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সৈয়দপুর |
| উপজেলা কৃষি দপ্তর | **আলোচনাঃ ৭.২** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো ধান রোপন ৪৫% সম্পন্ন হয়েছে হয়েছে। সম্প্রতি বৃষ্টির কারনে মাঠে বিদ্যমান ফসলের তেমন কোন ক্ষতি হয়নি। আলু ক্ষেতে যাতে পানি জমে না থাকে সে বিষয়ে কৃষদেরকে নির্দেশনা দেয়া হচ্ছে। এছাড়া তিনি বলেন, উপজেলার কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.২ ঃ কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তর | **আলোচনাঃ ৭.৩** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সভায় জানান যে, মোবাইল ভ্যাটেরেনারি ক্লিনিকের মাধ্যমে মানুষের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে সৈয়দপুর উপজেলায় একটি গাড়ি বরাদ্দ পাওয়া গেছে। আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে প্রাণিসম্পদ মেলা আয়োজন করা হবে। এছাড়াও তিনি কসাইখানায় কোন পশু জবেহ করার পূর্বে প্রাণিসম্পদ দপ্তর হতে পশুর সুস্থ্যতার প্রত্যয়ন গ্রহণপূর্বক জবেহ করার জন্য অনুরোধ জানান। দুধ,ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদান ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন,ঘাস চাষসহ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | সিদ্ধান্ত ৭.৩ ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলার ডিম,মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | **আলোচনাঃ ৭.৪** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় মৎস্য চাষি, মৎস্যজীবি, উদ্যোক্তাওে মৎস্য চাষ ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন বিষয় ভিত্তিক ০১ দিনের প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত আছে। রাজস্ব কার্যক্রমের আওতায় মাছের অভয়াশ্রম খননসহ অন্যান্য কার্যক্রম শীঘ্রই শুরু হবে।। তিনি আরও বলেন যে, ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত এই ০৮ মাস ২৫ সেঃমিঃ এর নিচে জাটকা ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ। তিনি এ বিষয়ে সকলের সহায়তা কামনা করেন। এছড়া দেশীয় প্রজাতির মাছ চাষ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রমসহ মৎস্য চাষিদেরকে মৎস্য চাষের বিষয়ে প্রশিক্ষণ প্রদানসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.৪ ঃ বিস্তারিত আলোচনান্তে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে দেশীয় প্রজাতির মাছ চাষ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১০০ শয্যা হাসপাতাল | **আলোচনাঃ ৭.৫** আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর সভায় জানান যে, হাসপাতালের এম্বুলেন্সটি বিকল থাকায় চিকিৎসা কার্যক্রম ব্যাহত হচ্ছে। হাসপাতালের একটি গাড়ি | সিদ্ধান্ত ৭.৫ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সৈয়দপুরকে হাসপাতালের এম্বুলেন্স সেবা দ্রুত চালু করার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, |

| | | | |
|---|---|---|---|
| | মেরামতের জন্য প্রেরণ কর হয়েছে। বর্তমানে হাসপাতালে কোন করোনারোগী ভর্তি নেই। হাসপাতালে নিয়োজিত আউটসোর্সিং কর্মচারীদের বরাদ্দ প্রদান না করায় বেতন বন্ধ রয়েছে। নতুন কর্মচারী নিয়োগের জন্য মন্ত্রণালয় হতে টেন্ডার প্রদান করা হবে। এছাড়া হাসপাতালের চিকিৎসা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | সৈয়দপুর |
| উপজেলা সমাজসেবা দপ্তর | **আলোচনাঃ ৭.৬** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় সভায় জানান যে, সামাজিক নিরাপত্তার আওতায় ভাতাভোগীদের ভাতা প্রদান কার্যক্রম চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৬ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে এ উপজেলার সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৭.৭** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক করোনাভাইরাসের কারনে সকল বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম বন্ধ ঘোষণা করা হয়েছে। অনলাইনে ক্লাস নেয়া হচ্ছে। এছাড়াও টিভি ও বেতারের মাধ্যমে ক্লাস নেয়া হচ্ছে। তবে শিক্ষার্থীদের আগ্রহ ও সক্ষমতার অভাব থাকায় অনলাইন ক্লাসের সুবিধা সকলে নিতে পারছেনা। বাঙ্গালীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের রাস্তাটি ঝুঁকিপূর্ণ হওয়ায় তিনি জেব্রা ক্রসিং অথবা স্পিড ব্রেকার দেয়ার অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৭ ঃ বাঙ্গালীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের রাস্তাটি ঝুঁকিপূর্ণ হওয়ায় জেব্রা ক্রসিং অথবা স্পিড ব্রেকার দেয়ার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পত্র যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১) উপজেলা নির্বাহী অফিসার<br>২) উপজেলা শিক্ষা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৭.৮** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে করোনাভাইরাসের ভ্যাকসিন প্রদান করা হয়েছে। ৩২ হাজার ছাত্র/ছাত্রীদের ২য় ডোজ টিকা প্রদান করা হবে। শিক্ষার্থীদের নিকট এ সংবাদ পৌছানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের দায়িত্ব প্রদান করা হয়েছে। সহায়তা প্রদানের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। | সিদ্ধান্ত ৭.৮ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকতা, সৈয়দপুরকে তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য জন্য বলা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা খাদ্য দপ্তর | **আলোচনাঃ ৭.৯** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ২০ জানুয়ারি ২০২২ তারিখ থেকে ০৪টি কেন্দ্রে স্বল্প মূল্যে চাল ও আটা বিক্রয় করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৯ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সৈয়দপুরকে তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা নির্বাচন দপ্তর | **আলোচনাঃ ৭.১০** উপজেলা নির্বাচন অফিসার, সৈয়দপুর সভায় ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত ইউপি নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে বলে জানান। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ প্রদান করেন। এছাড়াও তিনি জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১০ ঃ উপজেলা নির্বাচন অফিসার, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | **আলোচনাঃ ৭.১১** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, বিভিন্ন ইউনিয়নে জনবল কম থাকায় সেবা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১১ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১২** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তর হতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দপ্তরের | সিদ্ধান্ত ৭.১২ ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। | বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | **আলোচনাঃ ৭.১৩** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের ভিজিডি ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রমসহ প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৩ ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বাল্যবিবাহ প্রতিরোধসহ ভিজিডি ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য বলা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | **আলোচনাঃ ৭.১৪** উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলা ০১(এক)টি করে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম স্থাপন কাজের একক প্রাক্কলন প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদন করা হয়েছে। উপজেলা ওয়াটসন কমিটি এবং মাননীয় জাতীয় সংসদ সদস্যের সম্মতিক্রমে স্থান নির্বাচনপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। | সিদ্ধান্ত ৭.১৪ ঃ বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, সৈয়দপুরকে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম স্থান নির্বাচনপূর্বক দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৫** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সৈয়দপুর সভায় জানান যে, ২০২১/২২ অর্থ বছরের ২য় কিস্তি বাবদ ২৫,৮৮,৫৩২/- টাকার টিআর/কাবিটার বরাদ্দ পাওয়া গেছে। শীঘ্রই বিভাজনপূর্বক কার্যক্রম শুরু করা হবে। ইজিপিপি-র আওতায় কামারপুকুর, খাতামধুপুর ও কাশিরামবেলপুকুর ইউনিয়নের সুবিধাভোগী নির্বাচন করা হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৫ ঃ বিস্তারিত আলোচনান্তে ইজিপিপি-র আওতায় ০৫টি ইউনিয়নের সুবিধাভোগীর তালিকা চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা সমবায় দপ্তর | **আলোচনাঃ ৭.১৬** উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে সমিতিগুলিকে উৎপাদনমুখী করার প্রচেষ্ঠা চলছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৬ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের ঋণ বিতরণ ও আদায়সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | **আলোচনাঃ ৭.১৭** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপরের আলোচনা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.১৭ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| উপজেলা আনসার ভিডিপি দপ্তর | **আলোচনাঃ ৭.১৮** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৮ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৯** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.১৯ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,সৈয়দপুরকে যুব প্রশিক্ষণ,ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | **আলোচনাঃ ৭.২০** সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সৈয়দপুর সভায় জানান যে, শুষ্ক মৌসুম শুরু হওয়ার কারনে বর্তমানে অগ্নিকান্ডের ঘটনা বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। তিনি তাঁর দপ্তর হতে দূর্ঘটনাজনিত রোগীদের সৈয়দপুর ১০০ শয্যা হাসপাতালে নিয়ে যাওয়ার পর দ্রুত চিকিৎসা প্রদানের অনুরোধ জানান। এছাড়াও ক্যান্টনমেন্ট রোডে বেশকিছু বড় গাছের শাখা ঝুঁকিপূর্ণভাবে | সিদ্ধান্ত ৭.২০<br>১) সিনিয়র স্টেশস অফিসার, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো।<br>২) দূর্ঘটনাজনিত রোগীদের সৈয়দপুর ১০০ শয্যা হাসপাতালে নিয়ে যাওয়ার পর দ্রুত চিকিৎসা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>৩) ক্যান্টনমেন্ট রোডের রাস্তার উপর ঝুঁকিপূর্ণ বড় গাছের ডালসমূহ অপসারণের | ১) আবাসিক মেডিকেল অফিসার,১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল<br>২) সিনিয়র স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স<br>৩)ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বণায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র |

| | | | |
|---|---|---|---|
| | রাস্তার উপর রয়েছে। এ শাখাগুলি জরুরীভিত্তিতে অপসারণ করা প্রয়োজন। | সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| উপজেলা বন বিভাগ | **আলোচনাঃ ৭.২১** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র সভায় জানান যে, অবৈধ করাত কলের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য বিদ্যুৎ বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২১ ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুরকে অবৈধ করাত কলগুলি বন্ধ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বলা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি কেন্দ্র |
| আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | **আলোচনাঃ ৭.২২** উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.২২ উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক,সৈয়দপুরকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | **আলোচনাঃ ৭.২৩** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২৩ ঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.২৪** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২৪ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | **আলোচনাঃ ৭.২৫** উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর, সৈয়দপুর সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে সিডি প্রকল্পে চূড়ান্ত তালিকা অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। | সিদ্ধান্ত ৭.২৫ ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| তথ্য আপা | **আলোচনাঃ ৭.২৬** তথ্য আপা, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলার প্রত্যেক বাড়ির দরজায় গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। এছাড়াও তিনি বলেন যে, তাঁর দপ্তর হতে নারীদের ওজন, ডায়বেটিস, প্রেসার বিনামূল্যে মেপে দেয়ার কাজ চলছে। | সিদ্ধান্ত ৭.২৬ তথ্য আপা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | তথ্য আপা,সৈয়দপুর |
| উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | **আলোচনাঃ ৭.২৭** সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২৭ সহকারী প্রোগ্রামার, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর |
| ইউনিয়ন পরিষদ | **আলোচনাঃ ৭.২৮** চেয়ারম্যান, কাশিরাম বেলপুকুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে কিছু খাস জমি রয়েছে। সেগুলো উদ্ধার পূর্বক আশ্রয়ন প্রকল্প করা যেতে পারে। চেয়ারম্যান, কামারপুকুর ইউপি সভায় জানান যে, বিগত ইউপি চেয়ারম্যান কামারপুকুর ইউনিয়ন পরিষদের বৈদ্যুতিক বিল দীর্ঘদিন যাবত পরিশোধ না করায় প্রায় ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা বকেয়া রয়েছে। সামাজিক বনায়নের আওতায় কর্তনযোগ্য গাছের অর্থ চুক্তি মোতাবেক বিতরণ নিশ্চিত করতে হবে। এছাড়া বাঙ্গালীপুর,খাতামধুপুর ও বোতলাগাড়ী ইউনিয়নের চেয়ারম্যানগণ সকল দপ্তর প্রধানগণকে সম্মিলিতভাবে মিলেমিশে বিভিন্ন দাপ্তরিক কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান। | সিদ্ধান্ত ৭.২৮ সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান,সকল ইউপি,সৈয়দপুর |

| | | | |
|---|---|---|---|
| আলোচনা বিবিধঃ | **আলোচনাঃ ৮** সভায় উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন ২০১৩ বিষয়ে উপস্থাপন করেন এবং বাংলাদেশ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান। "খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন" এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রুপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণার কর্মসূচি প্রণয়ন পূর্বক বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্ত ৮ ঃ বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতনতা বৃদ্ধিকরাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। জঙ্গীবাদের বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

১০। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়,রংপুর হতে প্রাপ্ত মানব পাচার রোধ সংক্রান্ত পত্রখানা সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানব পাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মানব পাচার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়।
এছাড়াও মানব পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলায় চতুর্থ পর্যায়ের অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প কোভিড-১৯ মোকাবেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হ্যান্ড ওয়াশিং বেসিন স্থাপন (INF-২০১৯-২০-৫৫৭৩৮৫-০১) বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। অনুমোদনের স্মারক নং ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৪).২০২০-৩২১৩; তারিখঃ ২০/০৬/২০২১ইং। সেই অনুযায়ী উপ-প্রকল্পটি ঠিকাদার কর্তক বাস্তবায়নের সময় অনুমোদিত প্রাক্কলনে কিছু অসামঞ্জস্য পরিলক্ষিত হয়। অনুমোদিত প্রাক্কলনের অসংগতিসমূহ-

- প্রাক্কলনটিতে বোরিং ২০০মি. অনুমোদন থাকলেও বাস্তবে ৩০মি. এর বেশি বোরিং করার প্রয়োজন নেই।
- ওয়ালের মাপ ১৫০মি.মি. ধরা হয়েছিল যা টেকসই হবে না, বর্তমানে ওয়ালের মাপ ২৫০মি. মি. ধরা হয়েছে।
- ওভারহেড ট্যাংক এর জন্য স্থান নির্ধারণ ছিল না যা বর্তমানে ২টি কলাম, টাই বিম ও বেস এর মাধ্যমে স্থাপন করা হবে।
- ওয়াল থিকনেস অনুযায়ী টাইলস এর মাপ ধরা হয়েছে যা ইতোপূর্বে ছিল না।

এমতাবস্থায়, উল্লেখিত ক্রুটিসমূহ সংশোধন করতঃ অনুমোদিত নির্দিষ্ট আর্থিক সীমার মধ্যে এলজিইডি'র রেট সিডিউল অনুযায়ী নিম্নোক্ত সংশোধিত প্রাক্কলন উপজেলা পরিষদের সাধারণ সভায় অনুমোদন প্রয়োজন।

| উপ-প্রকল্প নম্বর | আলোচ্য বিষয় ও আলোচনা | বাজেট (ভ্যাট/ট্যাক্স ব্যতীত) | ভ্যাট | আয়কর | বাজেট (ভ্যাট/ট্যাক্স সহ) |
|---|---|---|---|---|---|
| INF-২০১৯-২০-৫৫৭৩৮৫-০১ | কোভিড-১৯ মোকাবেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হ্যান্ড ওয়াশিং বেসিন স্থাপন | ১,০০০,০০১ | ৮২,৮৭৩ | ২২,০৯৯ | ১,১০৪,৯৭৩ |
| INF-২০১৯-২০-৫৫৭৩৮৫-০২ | ১। কামারপুকুর ডিগ্রী কলেজ, ২। দলাগাছ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় নামক শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশ ব্লক নির্মাণ। | ১,০০০,০০০ | ৮২,৮৭৩ | ২২,০৯৯ | ১,১০৪,৯৭২ |
| INF-২০১৯-২০-৫৫৭৩৮৫-০৩ | সৈয়দপুর বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট নামক শিক্ষা প্রতিষ্ঠানে দুই রুম বিশিষ্ট শ্রেণিকক্ষ নির্মাণ। | ১,৯৯৯,৯৮৯ | ১৬৭,৫৯৭ | ৬৭,০৩৯ | ২,২৩৪,৬২৫ |
| **মোট (টাকা)** | | ৩,৯৯৯,৯৯০ | ৩৩৩,৩৪৩ | ১১১,২৩৮ | ৪,৪৪৪,৫৭০ |

**সিদ্ধান্ত সমূহ ঃ** বিস্তারিত আলোচনান্তে এক (০১) নং অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্পটির সংশোধিত প্রাক্কলন অনুমোদিত নির্দিষ্ট আর্থিক সীমার মধ্যে অনুমোদন করা হলো এবং প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটের সম্মতি সাপেক্ষে যথাশীঘ্র স্পেসিফিকেশন অনুযায়ী বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১২। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের পঞ্চম পর্যায়ের (২০২০-২১ অর্থ বছর) অতিরিক্ত বরাদ্দসহ অবকাঠামো উন্নয়ন ও সরঞ্জাম সরবরাহ বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহের মোট প্রাক্কলিত বাজেট ভ্যাট ও ট্যাক্স ব্যতীত ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকার নিম্নলিখিত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের পর বাস্তবায়নের জন্য সম্মতি গ্রহণের লক্ষ্যে ইউজিডিপি-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর অনুমোদিত প্রস্তাবনাসমূহ পাঠানো হবে। প্রস্তাবনাসমূহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

| ক্রমিক নং | উপ-প্রকল্পের নাম | সেক্টর | কাজের ধরণ |
|---|---|---|---|
| ০১ | সৈয়দপুর উপজেলার হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রে ভবন নির্মাণ (পূর্তকাজ) | স্বাস্থ্য | নতুন স্থাপনা নির্মাণ |
| ০২ | সৈয়দপুর উপজেলার হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রের ভবনে স্যানিটারী ও ইলেক্ট্রিক্যাল কাজ | স্বাস্থ্য | নতুন স্থাপন |

**<u>সিদ্ধান্তঃ</u>** আলোচনান্তে পার্শ্বে উল্লিখিত উপ-প্রকল্পসমূহের গুরুত্ব বিবেচনা করে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের সম্মতিক্রমে প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

১৩। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)-এর আওতায় পঞ্চম অর্থবছরের (২০২০-২১ অর্থ বছর) জন্য সক্ষমতা উন্নয়নের নিমিত্ত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ সম্মতি গ্রহণের লক্ষ্যে ইউজিডিপি-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর ইতোপূর্বে প্রেরণ করা হলেও কিছু সংশোধনীর জন্য সুপারিশ করা হয়েছে। উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের পর বাস্তবায়নের জন্য সম্মতি গ্রহণের লক্ষ্যে ইউজিডিপি-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর সংশোধিত প্রস্তাবনাসমূহ পাঠানো হবে। প্রস্তাবনাসমূহ নিম্নরুপঃ

| ক্র. নং | **উপ-প্রকল্পের শিরোনাম** | **বাস্তবায়নকারী সংস্থা** |
|---|---|---|
| ০১. | অনিয়ন্ত্রিত সামাজিক যোগাযোগ মাধ্যম এবং মোবাইলের বিভিন্ন অ্যাপস-এর অপব্যবহার রোধে স্কুল ও কলেজের শিক্ষার্থীদেরকে দেশের প্রচলিত আইন-কানুন ও মূল্যবোধ বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি |
| ০২. | ডিজিটাল কন্টেন্ট তৈরী এবং বিভিন্ন অ্যাপস ও তথ্য প্রযুক্তির ব্যবহার সম্পর্কে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের হাতে-কলমে প্রশিক্ষণ | উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি |
| ০৩. | অ্যান্টিবায়োটিক ঔষধের অপব্যবহার ও অপচিকিৎসা রোধে গ্রাম্য চিকিৎসক, ফার্মেসী মালিক/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি |
| ০৪. | Labour Contracting Society (LCS) মহিলাদের নিরাপদ প্রাণিজ আমিষ উৎপাদন বিষয়ে আয় বর্ধনমূলক প্রশিক্ষণ | উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি |
| ০৫. | সমকালীন চাষাবাদ ও কৃষি যন্ত্রপাতির ব্যবহার, রাইস ট্রান্সপ্লান্টার ব্যবহারের মাধ্যমে চারা রোপনের কলাকৌশল বিষয়ক কৃষকদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | উপজেলা কৃষি ও সেচ কমিটি |
| ০৬. | নারী উদ্দোক্তা তৈরীর লক্ষ্যে অসচ্ছল ও দুস্থ মহিলাদের নকশি কাঁথা তৈরী বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি |

**<u>সিদ্ধান্তঃ</u>** আলোচনান্তে পার্শ্বে উল্লিখিত উপ-প্রকল্পসমূহের গুরুত্ব বিবেচনা করে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের সম্মতিক্রমে প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

১৪। সভায় উপজেলা পরিষদের ১৭টি বিদ্যমান কমিটি হালনাগাদকরণের বিষয়ে আলোচনা হয়। নিম্নোক্তভাবে কমিটিগুলো হালনাগাদকরে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্তভাবে উপজেলা পরিষদের ১৭টি কমিটি হালনাগাদের সিদ্ধান্ত গৃহীত হয় এবং কমিটিকে নিয়মিত সভা আয়োজনের জন্য অনুরোধ করা হয়।

<u>০১. আইন-শৃঙ্খলা কমিটিঃ</u>

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, বোতলাগাড়ী ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, খাতামধুপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, সৈয়দপুর | সদস্য-সচিব |

\# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

০২. যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | চেয়ারম্যান, বোতলাগাড়ী ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, খাতামধুপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা প্রকৌশলী,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

০৩. কৃষি ও সেচ কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, খাতামধুপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

০৪. মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | চেয়ারম্যান, কামারপুকুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, সৈয়দপুর | সদস্য |
| ০৪ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

০৫. প্রাথমিক ও গণশিক্ষা কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | উপজেলা প্রকৌশলী, সৈয়দপুর | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, কাশিরামবেলপুকুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | সংরক্ষিত মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ, সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিসার,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

০৬. স্বাস্থ্য ও পরিবার কল্যান কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | উপজেলা পঃপঃ কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

০৭. যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, বোতলাগাড়ী ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

০৮. মহিলা ও শিশু উন্নয়ন কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,সৈয়দপুর | সদস্য |
| ০৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সৈয়দপুর | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান,বোতলাগাড়ী ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

০৯. সমাজ কল্যাণ কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,সৈয়দপুর | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, কাশিরামবেলপুকুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

১০. মুক্তিযোদ্ধা কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,সৈয়দপুর | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, খাতামধুপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | উপজেলা প্রকৌশলী,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

১১. মৎস্য ও প্রাণি সম্পদ ঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর | সভাপতি |
| ০২ | উপজেলা মৎস্য কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, কামারপুকুর ইউপি, সৈয়দপুর | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, কাশিরাম বেলপুকুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

১২. পল্লী উন্নয়ন ও সমবায় কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |

| | | |
|---|---|---|
| ০৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুর | সদস্য |
| ০৪ | সংরক্ষিত নারী সদস্য-১, উপজেলা পরিষদ, সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

\# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

১৩. সংস্কৃতি কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সদস্য |
| ০৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান,বোতলাগাড়ী ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা,সৈয়দপুর | সদস্য-সচিব |

\# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

১৪. পরিবেশ ও বন কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুর | সদস্য |
| ০৪ | সংরক্ষিত মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | ভারপ্রাপ্ত কর্মকর্তা,সামাজিক বনায়ন ও নার্সারী প্রশিক্ষণ কেন্দ্র,সৈয়দপুর | সদস্য-সচিব |

\# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

১৫. বাজার মূল্য পর্যবেক্ষণ,পরিদর্শন ও নিয়ন্ত্রণ কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, কামারপুকুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,সৈয়দপুর | সদস্য-সচিব |

\# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

১৬. অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সদস্য |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, সৈয়দপুর | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান, খাতামধুপুর ইউপি,সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপজেলা প্রকৌশলী,সৈয়দপুর | সদস্য-সচিব |

\# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

১৭. জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটিঃ

| ক্রঃ নং | নাম ও ঠিকানা | কমিটি পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোছাঃ সানজিদা বেগম (লাকী), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সভাপতি |
| ০২ | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান, বোতলাগাড়ী,সৈয়দপুর | সদস্য |

| | | |
|---|---|---|
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সৈয়দপুর | সদস্য |
| ০৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সৈয়দপুর | সদস্য-সচিব |

# কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ দুইজন ব্যক্তিকে কো-অপ্ট হিসেব কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।

১৫। সভায় উল্লেখ করা হয় যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের অফিস কক্ষে ব্যবহারের জন্য প্রিন্টারসহ একটি কম্পিউটার প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, সৈয়দপুর কর্তৃক প্রস্তুতকৃত ৮৬,০০০/- (ছিয়াশি হাজার) টাকার প্রাক্কলনটি উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে RFQ পদ্ধতিতে প্রাক্কলন মোতাবেক প্রকল্পটি বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১৬। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর মহোদয়ের জানুয়ারি/২০২২ মাসের সম্মানি বাবদ | ৪০,০০০/- |
| ২. | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর এর জানুয়ারি/২০২২ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর জানুয়ারি/২০২২ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদের মালির জানুয়ারি/২০২২ মাসের মজুরী | ১৫,৯৫০/- |
| ৫. | উপজেলা পরিষদের সুইপারের জানুয়ারি/২০২২ মাসের মজুরী | ১৫,৯৫০/- |
| ৬. | উপজেলা পরিষদের আবাসিক এলাকার জঙ্গল পরিস্কার বাবদ ব্যয় | ৮,০০০/- |
| ৭. | উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ২৬,৮৫০/- |
| ৮. | কম্পিউটার সামগ্রী ক্রয় বাবদ | ৪,২৯৬/- |
| ৯. | উপজেলা পরিষদ কার্যালয়ের জানুয়ারি/২০২২ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ | ৪,৪৭৫/- |
| ১০. | উপজেলা পরিষদের আপ্যায়ন,আনুষঙ্গিক,কম্পিউটার সামগ্রী ক্রয়ের ভ্যাট | ২,৯৮৫/- |
| ১১. | উপজেলা পরিষদের আপ্যায়ন,আনুষঙ্গিক, কম্পিউটার সামগ্রী ক্রয়ের আয়কর | ১,১৯৪/- |
| ১২. | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর রংকরণ বাবদ ব্যয় | ৮৯,৪৬২/- |
| ১৩. | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর রংকরণ বাবদ ব্যয়ের ভ্যাট | ৭,৪৯৭/- |
| ১৪. | উপজেলা পরিষদের সীমানা প্রাচীর রংকরণ বাবদ ব্যয়ের আয়কর | ২,৯৯৯/- |
| ১৫. | উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষের টয়লেটের ফিটিং ও বাল্ব লাগানো বাবদ ব্যয় | ৫,৯৪০/- |
| ১৬. | উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষের টয়লেটের ফিটিং ও বাল্ব লাগানো বাবদ ব্যয়ের ভ্যাট | ৫০০/- |
| ১৭. | উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষের টয়লেটের ফিটিং ও বাল্ব লাগানো বাবদ ব্যয়ের আয়কর | ২০০/- |
| ১৮. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে ব্যয় | ১৮,৫২৬/- |
| ১৯. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে ব্যয়ের ভ্যাট | ১,৫৫৩/- |
| ২০. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে ব্যয়ের আয়কর | ৬২১/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং করোনাভাইরাসের সংক্রমন হতে নিরাপদ থাকার উদ্দেশ্যে সকলকে সজাগ ও সচেতন থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোখছেদুল মোমিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।
***www.syedpur.nilphamari.gov.bd***

স্মারক নং- ০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২১- তারিখ ঃ ১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫-নীলফামারী-০৪/ মাননীয় জাতীয় সংসদ সদস্য, মহিলা আসন-২৩।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৮। উপজেলা ......................................................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

০৯। চেয়ারম্যান,....................................................ইউপি(সকল), সৈয়দপুর, নীলফামারী।

১০। জনাব.................................................সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

১১। অফিস কপি ।

(মোঃ শামীম হুসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।
ফোনঃ ০৫৫২৬৭২২৮৬
মোবাঃ ০১৭১৩৩৯০৬৬৬